

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : চতুর্থ

বিষয় : প্রাথমিক বিজ্ঞান

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) বিনোদনের জন্য কী ধরনের প্রযুক্তি ব্যবহৃত হয় ?
খ) আমরা কখন ঘেমে যাই ?
গ) পানিতে ডোবা দুর্ঘটনা প্রতিরোধের উত্তম উপায় কোনটি ?
ঘ) আমরা তথ্য কীভাবে সংগ্রহ করতে পারি ?
ঙ) মানুষ এখন যথেষ্ট পরিমাণ খাদ্য উৎপাদন করতে পারছে কেন ?
চ) আইসিটি প্রধান দুটি ভাগ কী কী ?
ছ) আবহাওয়ার দুটি উপাদানের নাম লিখ।
জ) মহাবিশ্ব কী ?
ঝ) তিনটি অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদের নাম লিখ।
ঞ) তিনটি কঠিন পদার্থের নাম লিখ।
ট) শরীর সুস্থ না থাকলে কী হয় ?
ঠ) প্রাণিডা আমিষ কাকে বলে ?
ড) মাটি সংরক্ষন বলতে কী বুঝ ?
ঢ) মেরু অঞ্চলের দুটি প্রাণীর নাম লিখ।
ণ) পরিবেশ কী ?

২। শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) জনসংখ্যা বৃদ্ধির ফলে পরিমাণ কমে যাচ্ছে।
খ) উদ্ভিদের শাখা প্রশাখায় বিভিন্ন প্রাণীর।
গ) পরিচ্ছন্ন পরিবেশ বলতে বুঝায় নির্মল বায়ু মাটি।
ঘ) যেসব দ্রব্য আমাদের শরীরের সাধন করে তাকে বলা হয় খাদ্য।
ঙ) ডায়রিয়া, আমাশয়, জন্ডিস ইত্যাদি রোগ।
চ) অবস্থা অনুযায়ী পদার্থ রকম।
ছ) আমরা বেঁচে থাকার জন্য খাই।
জ) সূর্য যে গ্যালাক্সির সদস্য তার নাম।
ঝ) যন্ত্র ও ব্যবহার করে নিয়ন্ত্রন হচ্ছে প্রযুক্ত।
ঞ) শরীরের কোন অংশের হাড় ভেঙ্গে গেলে তে ধরা পড়ে।
ট) শীতকালে বায়ু উত্তর দিক থেকে হয়।

ঠ) বিষধর কামড়ে দুটি দাগ দেখা যায়।

ড) রেডিও বলতে আমরা বুঝি।

ঢ) পৃথিবীর মধ্যে ছোট ও জনবহুল দেশ

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ: $৫ \times ২ = ১০$

বামপাশ	ডানপাশ
ক) ডায়রিয়া লক্ষণ হচ্ছে ঘন ঘন	পেটের ডানদিকে ব্যথা হয়।
খ) টাইফয়েড একটি	আমাশয় রোগ হয়।
গ) দূষিত পানি, বাসি খাবার, মাছি ইত্যাদির মাধ্যমে	পাতলা পায়খানা হওয়া।
ঘ) জন্ডিস রোগের জন্য	পানিবাহিত রোগ।
ঙ) দূষিত পানি পান করলে	আমাশয় রোগ ছড়ায়।
	পানি দিয়ে ধুতে হবে
	লবন নিতে হয়।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

$৬ \times ৮ = ৪৮$

ক) মানুষ ও অন্যান্য প্রাণী বেঁচে থাকার জন্য যে অক্সিজেন গ্রহণ করে তা কোথা থেকে আসে? উদ্ভিদ ও প্রাণীর নির্ভরশীলতা চারটি বাক্যে লিখ।

খ) তোমার বন্ধু রূপম রাতকানা রোগে আক্রান্ত। কোন ভিটামিনের অভাবে রোগটি হয়েছে? তাকে তুমি কোন খাবারগুলো খেতে বলবে এবং কেন?

গ) বাংলাদেশে পানির উৎসগুলোর মধ্যে চারটি উৎসের নাম লেখ ও তিনটি ব্যবহার লিখ।

ঘ) একটি নির্দিষ্ট এলাকার বাংলাদেশের জনসংখ্যা বাড়লে বাড়তি অনেক কিছু প্রয়োজন হয়। এতে নানা ধরনের সমস্যার সৃষ্টি হয়। মানুষ, অন্যান্য প্রাণী ও উদ্ভিদের বেঁচে থাকার জন্য ৪টি প্রয়োজনীয় উপাদানের নাম লিখ। কোনো পরিবারের লোকসংখ্যা বৃদ্ধির ফলে সৃষ্ট ৪টি সমস্যা লিখ।

ঙ) তোমাদের বাড়ির ময়লা আবর্জনা ডাস্টবিনে না ফেলে যেখানে সেখানে ফেলা হয়। এর ফলে কী ঘটবে তা তিনটি বাক্যে লিখ। পরিবেশ পরিচ্ছন্ন রাখায় ২টি উপায় লিখ।

চ) ডাক্তার চিকিৎসার জন্য নানা ধরনের যন্ত্র ব্যবহার করেন। যেমন-থার্মোমিটার, স্টেথোস্কোপ, অল্ট্রাসোনোগ্রাফি। এদের ১টি করে ব্যবহার লিখ। এখন মানুষ সংক্রামক রোগে ও মহামারিতে মারা না যাওয়ার ২টি উপায় লিখ।

ছ) সৌরজগতের একমাত্র নক্ষত্র কোনটি? রাতের আকাশে নক্ষত্র কীভাবে দেখতে পাও। ২টি বাক্যে লিখ। সৌরজগৎ ও গ্যালাক্সি শব্দ দুটি ব্যবহার করে দুটি বাক্য লিখ।

জ) মনেকরো, তোমার এক বন্ধুর হাত ভেঙে গেছে, তুমি এখন কীভাবে তার প্রাথমিক চিকিৎসা দিবে লিখ।

ঝ) পদার্থ কাকে বলে? পানিপূর্ণ বালতিতে হাত ঢুকিয়ে দিলে কিছু পানি বাইরে পড়ে যাওয়ার কারণ ২টি বাক্যে লিখ। বায়ুকে কেন আমরা পদার্থ বলবে তা ২টি বাক্যে লিখ।

ঞ) কে সর্বপ্রথম তারের মধ্য দিয়ে সফলভাবে সংকেত পাঠান? তোমার বাসায় ব্যবহৃত দুটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নাম লিখ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির তিনটি ব্যবহার লেখ।